

বিসিআইসি-এর উত্তাবনী উদ্যোগ/ধারণা  
২০২০-২০২১ অর্থ বছর

প্রস্তাবক উত্তাবকের নাম ও পদবী : জনাব মোঃ শাহীন কামাল  
পরিচালক (উৎপাদন ও গবেষণা), বিসিআইসি।

কর্মস্থল : বিসিআইসি।

উত্তাবনী উদ্যোগের শিরোনাম : কারখানার Important equipment, instruments এবং pipeline মেরামত  
সংক্রান্ত Job history সংরক্ষণ করা।



A B M Ferdouse  
General Manager, ICT Division  
Bangladesh Chemical Industries Corporation  
30-31, Dilkusha C/A, Dhaka-1000

### শিরোনামঃ

কারখানার Important equipment, instruments এবং pipeline মেরামত সংক্রান্ত Job history সংরক্ষণ করা।

### সমস্যাঃ

- জেএফসিএর, সিইউএফএল, এএফসিসিএল সহ প্রায় সমস্ত কারখানার অনাকাঞ্চিত shut-down বেড়ে গেছে।
- কারখানার নিরবিচ্ছিন্ন উৎপাদন ব্যাহত হচ্ছে।
- কারখানার Maintenance cost বেড়ে গেছে।
- কারখানার Attainable capacity কমে গেছে।
- কারখানার Production cost বেড়ে গেছে।
- কারখানার Accident rate বেড়ে গেছে।
- কারখানার Efficiency কমে গেছে।

### সমাধানঃ

উপরোক্তখন সমস্যাগুলি সমাধানের জন্য প্রতিটি কারখানার Operation, Maintenance এবং Technical থেকে সংযুক্ত ছক অনুযায়ী তথ্য সংগ্রহ করে মাননীয় পরিচালক (উৎপাদন ও গবেষণা) মহোদয়ের তত্ত্বাবধানে বিসিআইসির উৎপাদন বিভাগ কর্তৃক মনিটরিং এর মাধ্যমে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা।



প্রস্তাবক উত্তাবকের নাম ও পদবী : সনাতন চন্দ্র দে  
উপ-প্রধান রসায়নবিদ

কর্মস্থল : টিএসপি কমপ্লেক্স লিমিটেড।

উত্তাবনী উদ্যোগের শিরোনাম : শুক্র মৌসুমে ওয়াসার পানির সাহায্যে ডেমি পানি উৎপাদন।

### শিরোনামঃ

শুক্র মৌসুমে ওয়াসার পানির সাহায্যে ডেমি পানি উৎপাদন।

### সমস্যাঃ

- টিএসপি সার তৈরীতে মিঠা পানির অন্যতম উৎস হলো কর্ণফুলী নদীর পানি। শুক্র মৌসুম ছাড়া অন্যান্য ঋতুতে কর্ণফুলী নদীর পানির লবনাক্ততা ভাটার (Low tide) সময় ডিজাইন সীমার ( $\leq 250\text{ppm}$ ) মধ্যে থাকে এবং সাধারণত তা ব্যবহার করে কারখানার বিভিন্ন পানির চাহিদা (খনিজমুক্ত, কুলিং, প্রসেস, সেন্টারী) পূরণ করা হয়ে থাকে।
- শুক্র মৌসুমে নদীর পানি লবনাক্ততা অনেক বেশী ( $>3000\text{ppm}$ ) থাকায় বিদ্যমান ব্যবস্থা অনুযায়ী মিঠা পানির বিকল্প উৎস হিসেবে কারখানাটুকু ডিপটিউবওয়েলের পানির সাথে বার্জের মাধ্যমে আনীত ক্রয়কৃত মিঠা পানি এবং ওয়াশার পানি মিশিয়ে পানিশোধন প্ল্যান্টে পরিশোধন করে ডেমিওয়াটার তৈরিসহ কারখানার বিভিন্ন প্রয়োজন (প্রসেস, কুলিং, সেন্টারী) মিটানো হয়।

চলমান.....

A B M Ferdouse  
General Manager, ICT Division  
Bangladesh Chemical Industries Corporation  
30-31, Dilkusha C/A, Dhaka-1000

- উল্লেখ্য যে, ডিপ টিউবওয়েলের পানিতে ক্লোরাইডের পরিমাণ ৩৫০~৩৮০ পিপিএম এবং ওয়াসার পানিতে ক্লোরাইডের পরিমাণ ১০~২০ পিপিএম থাকে।
- এছাড়া ডিপটিউবওয়েলের পানিতে অন্যান্য বিভিন্ন মিনারেল ও তুলনামূলকভাবে অনেক বেশী থাকে বিধায় শুক্র মৌসুমে বিপুল পরিমাণ ডিপটিউবওয়েলের পানির সাথে ওয়াসার পানি মিশানোর পর গড় ক্লোরাইড/হার্ডনেস কিছুটা কমলেও মিশ্রিত পানির হার্ডনেস তুলনামূলকভাবে বেশি থাকায় তা দিয়ে ডেমি ওয়াটার তৈরির সময় রেজিনবেড ঘন ঘন রিজেনারেশন এর প্রয়োজন পড়ে।
- রিজেনারেশন সিট্টেমে কষ্টিক সোডা ও সালফিউরিক এসিড ব্যবহার করা হয়।
- শুক্র মৌসুমে, এই ঘন ঘন রিজেনারেশনের কারণে এক দিকে কষ্টিক সোডা ও সালফিউরিক এসিডের খরচ বেড়ে যায়, অন্যদিকে ডেমি ওয়াটার উৎপাদন করে যায় তথা আকাঙ্ক্ষিত সার উৎপাদন ব্যহত হয়।

#### সমাধানঃ

- ওয়াসার পানিতে ক্লোরাইডের পরিমাণ (10-20 পিপিএম) এবং অন্যান্য মিনারেল কম থাকে বিধায় শুক্র মৌসুমে কারখানার প্রয়োজনীয় অন্যান্য পানির চাহিদা মিটানোর ক্ষেত্রে বিকল্প উৎস ডিপটিউবওয়েলের পানির সাথে ক্রয় কৃত পানি (বোর্জ/ওয়াসা) ব্যবহার করে পরিশোধন করা হলেও ডেমি ওয়াটার তৈরির ক্ষেত্রে ওয়াসার পানি ডিপটিউবওয়েলের পানির সাথে না মিশিয়ে সরাসরি ডেমি ওয়াটার উৎপাদনের কাজে ব্যবহার করা হলে ডেমি ওয়াটার উৎপাদন ক্ষমতা বেড়ে যাবে এবং রিজেনারেশন ব্যয়ও অনেকাংশে কমে যাবে।
- এতে আকাঙ্ক্ষিত হারে সার উৎপাদন অব্যাহত রাখা সম্ভব হবে।
- শুক্র মৌসুমে ওয়াসার পানি সরাসরি ডেমি ওয়াটার উৎপাদনের কাজে ব্যবহার করার জন্য রিজার্ভার এরিয়ায় অবস্থিত ওয়াসার লাইন থেকে পানিশোধন প্ল্যাট পর্যন্ত একটি নতুন ৪" বাসের পানির লাইন স্থাপন করতে হবে এবং ওয়াসার পানি রিজার্ভের জন্য পানি শোধন প্ল্যাটে অবস্থানরত ও পরিত্যক্ত ২৫০ ঘন মিটার ধারণ ক্ষমতার একটি ট্যাংক সংক্রান্ত করতে হবে।
- উক্ত ট্যাংক থেকে পাম্পের সাহায্যে ক্যাটায়ন টাওয়ারে পানি ফিল্ড দেওয়ার ব্যবস্থা করতে হবে।

A B M Ferdouse  
General Manager, ICT Division  
Bangladesh Chemical Industries Corporation  
30-31, Dilkusha C/A, Dhaka-1400

প্রস্তাবক উত্তাপকের নাম ও পদবী : ইমরান আহমেদ  
উপব্যবস্থাপক

কর্মস্থল : আইসিটি বিভাগ, বিসিআইসি।

উত্তাপনী উদ্যোগের শিরোনাম : নেমিতিক ছুটির ই-নথি আবেদন ফরম প্রবর্তন।

শিরোনামঃ

নেমিতিক ছুটির ই-নথি আবেদন ফরম প্রবর্তন।

সমস্যাঃ

আবেদনকারী নেমিতিক ছুটি বিষয়ক কোন প্রমাণক পেতেন না। ছুটির হিসাব ও স্বচ্ছতা জটিলতা ছিল। আবেদন যথাযথভাবে সংরক্ষণ হয়না।

A B M Ferdouse  
General Manager, ICT Division  
Bangladesh Chemical Industries Corporation  
30-31, Dilkusha C/A, Dhaka-1000

### সমাধানঃ

- ১। আবেদনকারী প্রমাণক হিসেবে পত্র পাছে পূর্বে আবেদনকারী নৈমিত্তিক ছুটি বিষয়ক কোন প্রমাণক পেতেন না।
- ২। ছুটির হিসাব ও স্বচ্ছতা অধিকমাত্রায় বৃদ্ধি পাচ্ছে।
- ৩। এই প্রক্রিয়ায় খুবই অল্প সময়ে ডাক থেকে সৃজিত নোট নিষ্পত্তি -২০ ও পত্রজারি (ইমেইল ও অন্যান্য)- ১৫ মোট ৩৫ নম্বর যুক্ত হচ্ছে বিধায় বিসিআইসি-কে ই-নথি সঞ্চালনে এগিয়ে নিতে সহায়ক হচ্ছে।
- ৪। একবার ই-নথিতে নোট ও পত্র তৈরি করলে ক্লোন এর মাধ্যমে দিন তারিখ পরিবর্তন করে সহজেই স্বল্প সময়ে পত্র জারি করা যায়।
- ৫। পদ্ধতিটি বিসিআইসি'র জন্য ভ্যালু এ্যাড করে ও টেকসই। সকল ই-নথি ব্যবহারকারীর নিকট রেপ্লিকেশনযোগ্য।

প্রস্তাবক উন্নাবকের নাম ও পদবী : মোঃ রফিকুল ফিরোজ  
উপ প্রধান প্রকৌশলী (ঘাঃ)

কর্মস্থল : প্লান্ট মেইটেন্যান্স শাখা  
এসএফসিএল, সিলেট।

উন্নাবনী উদ্যোগের শিরোনাম : বিসিআইসি প্রদত্ত গৃহনির্মাণ ঋণ অবমুক্তকরণের  
ক্ষেত্রে EFT পদ্ধতি প্রবর্তন।

A B M Ferdouse  
General Manager, ICT Division  
Bangladesh Chemical Industries Corporation  
30-31, Dilkusha C/A, Dhaka-1000

### শিরোনামঃ

বিসিআইসি প্রদত্ত গৃহনির্মাণ খণ্ড অবমুক্তকরণের ক্ষেত্রে EFT পদ্ধতি প্রবর্তন।

### সমস্যাঃ

বিসিআইসি কর্তৃক প্রদত্ত গৃহনির্মাণ খণ্ড আবেদনকারীর নিকট অবমুক্তকরণের ক্ষেত্রে বর্তমানে খণ্ড প্রাপ্ত ব্যক্তির নামে চেক ইস্যু করার পদ্ধতি প্রচলিত আছে। খণ্ড প্রাপ্তির পর চেক সংগ্রহ ও সংশ্লিষ্ট ব্যাংক এ্যাকাউন্টে তা জমা প্রদানের ক্ষেত্রে নানা রকম জটিলতা, অনেক সময় ব্যাংক কর্তৃক অসহযোগিতা বা হয়রানির সম্মুখীন হতে হয়।

### সমাধানঃ

ব্যক্তির নামে ব্যাংক চেক ইস্যুকরণের বর্তমান প্রচলিত পদ্ধতির পরিবর্তে খণ্ড আবেদনকারীর ব্যাংক এ্যাকাউন্টে EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে টাকা প্রদান করা যেতে পারে। এতে বিসিআইসি'র সংশ্লিষ্ট শাখা / বিভাগের কর্ম্যজ্ঞ বহলাংশে হাস পাবে। পরবর্তীতে পেনশনের টাকাও একই পদ্ধতি অবলম্বন করে দেয়া যেতে পারে।

✓ ২৫/৮/২০২০  
 A B M Ferdouse  
 General Manager, ICT Division  
 Bangladesh Chemical Industries Corporation  
 30-31, Dilkusha C/A, Dhaka-1000